

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারী পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নং-৪৮.০০.০০০০.০০৪.৪৮৩(২).১৬- ৪৩১৪

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৪ বাং
১০ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

বিষয়: উপজেলাধীন সকল মুক্তিযোদ্ধার তথ্যাদি নির্ধারিত ছকে ইউনিকোড ফন্টে সফট কপি প্রেরণ প্রসংগে।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের-

- ১। স্মারক নং ৪৮.০০.০০০০.০০৪.৪৮৩(২).১৬.১৯৩৭, তারিখ: ২১ জুন ২০১৭;
- ২। সকল জেলা প্রশাসকের নিকট প্রেরিত ৪ জুলাই ২০১৭ তারিখের ই-মেইল;
- ৩। স্মারক নং ৪৮.০০.০০০০.০০৪.৪৮৩(২).১৬.২০১৫, তারিখ: ১২ জুলাই ২০১৭;
- ৪। স্মারক নং ৪৮.০০.০০০০.০০৪.৪৮৩(২).১৬.২১৭৪, তারিখ: ০১ আগস্ট ২০১৭;
- ৫। স্মারক নং ৪৮.০০.০০০০.০০৪.৪৮৩(২).১৬.৩১৮৭, তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাগণের নাম একাধিক প্রমাণকে উল্লিখিত থাকায় নামের পুনরাবৃত্তি হওয়ার সম্ভাবনার প্রেক্ষিতে সঠিক তালিকা প্রণয়নের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকসমূহের মাধ্যমে একটি নির্ধারিত ছকে তথ্য প্রেরণের জন্য দেশের সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাকে পত্র/তাগাদাপত্র প্রেরণ করা হয়। ইতোমধ্যে ৪৩৬ টি উপজেলা থেকে তথ্য পাওয়া গেলেও ৫৫ টি উপজেলা থেকে এখনো তথ্য পাওয়া যায়নি, যা অত্যন্ত দুঃখজনক। তথ্য প্রেরণকারী উপজেলা নির্বাহী কর্মকর্তাকে মন্ত্রণালয় কর্তৃক আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করা হচ্ছে। একইসাথে, সূত্রোক্ত ৫ নং স্মারকে বর্ণিত প্রতিবেদনের সফট কপি ইউনিকোড ফন্টে (এম এস ওয়ার্ড/এক্সেল-এ) নিম্নোক্ত ই-মেইলে জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলেও অধিকাংশ উপজেলা থেকে পাওয়া যায়নি।

০২। এ' প্রেক্ষিতে, মুক্তিযোদ্ধাগণের তথ্য সংক্রান্ত প্রতিবেদন এর হার্ড কপিসহ সফট কপি এবং ইউনিকোড ফন্টে (এম এস ওয়ার্ড/এক্সেল-এ) সফট কপি আগামী ১৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ এর মধ্যে ই-মেইল মারফত প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মতিয়ার রহমান)
উপসচিব

ই-মেইল: dsgazet@molwa.gov.bd
ফোন: ৯৫৬ ৬৫৭২।

- ১। জেলা প্রশাসক,, মহানগর এলাকার ক্ষেত্রে;
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা,, সকল।

অনুলিপিঃ

১। বিভাগীয় কমিশনার, সকল।

২। যুগ্ম সচিব (আইসিটি/গেজেট, প্রত্যয়ন ও সনদ), মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্ম সচিব), মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]।

৪। সচিবের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৫। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন), মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা [মহোদয়ের সদয় অবগতির জন্য]।